# গুলশান কমার্স কলেজে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপন




গুলশান কমার্স কলেজে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৬ উদ্‌যাপন ঢাকা, ২১ ফেব্রুয়ারি ২০২৬: যথাযোগ্য মর্যাদা, ভাবগাম্ভীর্য ও বিনম্র শ্রদ্ধায় গুলশান কমার্স কলেজে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত হয়েছে। মাতৃভাষার মর্যাদা রক্ষায় ১৯৫২ সালের এই দিনে বুকের রক্ত ঢেলে দেওয়া বীর শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে কলেজ প্রাঙ্গণে বিশেষ কর্মসূচি আয়োজন করা হয়।

দিবসের প্রথম প্রহরে সূর্যোদয়ের সাথে সাথে কলেজ ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ এবং কালো পতাকা উত্তোলনের মাধ্যমে দিনের কর্মসূচি শুরু হয়। এরপর কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ কালো ব্যাজ ধারণ করে প্রভাতফেরি সহকারে স্থানীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করেন।




সকাল ৯:০০ টায় কলেজের অডিটোরিয়ামে এক আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তারা ১৯৫২ সালের ভাষা আন্দোলনের ঐতিহাসিক গুরুত্ব এবং তরুণ প্রজন্মের মাঝে বাংলা ভাষার সঠিক চর্চা ও চেতনা ছড়িয়ে দেওয়ার ওপর গুরুত্বারোপ করেন।

কলেজের মাননীয় অধ্যক্ষ তাঁর বক্তব্যে বলেন, "বাঙালির স্বাধিকার আন্দোলনের মূল চেতনা লুকিয়ে আছে একুশের মাঝে। আমাদের শিক্ষার্থীদের শুধু কর্মমুখী শিক্ষায় দীক্ষিত হলেই হবে না, বরং মাতৃভাষার প্রতি শ্রদ্ধাবোধ এবং একুশের চেতনাকে হৃদয়ে ধারণ করে দেশপ্রেমিক নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে।

"আলোচনা সভা শেষে ভাষা শহীদদের আত্মার মাগফিরাত এবং দেশের সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। এছাড়া দিবসটি উপলক্ষ্যে শিক্ষার্থীদের অংশগ্রহণে "ভাষা আন্দোলন ও বাংলাদেশ" শীর্ষক দেয়ালিকা প্রদর্শনী এবং স্বরচিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়।

অধ্যক্ষ
গুলশান কমার্স কলেজ, ঢাকা